

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, জুলাই ৩, ২০২৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি মন্ত্রণালয়
খাসজমি-১ অধিশাখা
পরিপত্র

তারিখ : ১৮ জ্যৈষ্ঠ ১৪৩০ বঙ্গাব্দ/০১ জুন ২০২৩ খ্রিষ্টাব্দ

বিষয়: জাহাজ ভাঙ্গা/পুনঃপ্রক্রিয়াজাতকরণ এলাকার খাসজমি একসনা ইজারার সেলামির হার পুনঃনির্ধারণ।

নং ৩১.০০.০০০০.০৪০.৪১.২৪০.১৯-১৩৩—জাহাজ ভাঙ্গা/পুনঃপ্রক্রিয়াজাতকরণ শিল্প বাংলাদেশের একটি বিকাশমান শিল্প। এই শিল্পের বিকাশের সঙ্গে সঙ্গে উক্ত এলাকার জমির দাম বহুগুণ বৃদ্ধি পেয়েছে। বর্ণিত প্রেক্ষাপটে গত ২৫-০১-২০২৩ খ্রিষ্টাব্দ তারিখে ভূমি মন্ত্রণালয়ে অনুষ্ঠিত আন্তঃমন্ত্রণালয় সভার সিদ্ধান্ত এবং অর্থ মন্ত্রণালয়ের অর্থ বিভাগের এনটিআর-২ অধিশাখার গত ২২-০৫-২০২৩ খ্রিষ্টাব্দ তারিখের ০৭.০০.০০০০.১৪৪.০৪.০০৪.২০.১০৪ সংখ্যক স্মারক অনুযায়ী জাহাজ ভাঙ্গা/পুনঃপ্রক্রিয়াজাতকরণ শিল্প এলাকার খাসজমি ইজারার একর প্রতি বাৎসরিক সেলামি ৩০,০০০/- (মাত্র ত্রিশ হাজার) টাকা পুনঃনির্ধারণ করা হলো।

২। সেলামির এই হার ১৪৩০ বঙ্গাব্দ থেকে কার্যকর হবে।

৩। জাহাজ ভাঙ্গা/পুনঃপ্রক্রিয়াজাতকরণ শিল্প সম্পর্কিত অন্যান্য বিষয়াদি বাংলাদেশ জাহাজ পুনঃপ্রক্রিয়াজাতকরণ আইন, ২০১৮ এবং অন্যান্য বিধি, প্রবিধি, নীতি ও সময় সময় জারীকৃত নির্দেশাবলি দ্বারা পরিচালিত হবে।

৪। ভূমি মন্ত্রণালয়ের গত ১৯-০৬-২০২৩ খ্রিষ্টাব্দ তারিখের ভূম/শা-৮/খাজব/১৫২/২০০২/৪৪৫ সংখ্যক স্মারক এতদ্বারা বাতিল করা হলো।

৫। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারীকৃত এই আদেশ অবিলম্বে কার্যকর হবে।

মঈনউল ইসলাম

উপসচিব।

মোহাম্মদ ইসমাইল হোসেন, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
ব্রেনজন চান্দুগুং, উপপরিচালক (উপসচিব) (অতিরিক্ত দায়িত্ব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(৮৮৬৭)

মূল্য : টাকা ৪.০০